

কী ভাবে অনলাইনে ওপিডি টিকিট কাটতে হবে : --

১. রাজ্য স্বাস্থ্য দপ্তরের ওয়েবসাইটেই (www.wbhealth.gov.in) রয়েছে সে ব্যবস্থা ।
২. ওই পোর্টালের বাঁ দিকে ই-গভর্ন্যান্স কলামে রয়েছে ‘ওপিডি টিকিট বুকিং’ - এর বাটন । সেখানে ক্লিক করলে যে উইন্ডো খুলবে, সেখানে নিজের মোবাইল নম্বর রেজিস্টার করে এবং একটি ফর্ম পূরণ করে কাটা যাবে নির্দিষ্ট বিভাগের প্রয়োজনীয় তারিখের আউটডোর টিকিট ।
৩. সাধারণ আউটডোর টিকিট কাটতে দু’টাকা লাগলেও অনলাইনে কোনও টাকা লাগবে না ।
৪. যে দিন ডাক্তার দেখানোর কথা, তার সাত দিন আগে থেকে ওই দিন বেলা ১১ টা পর্যন্ত টিকিট কাটার ‘অপশন’ খোলা থাকবে ।
৫. অনলাইনে কাটা টিকিটের প্রিন্ট-আউট নিয়ে আউটডোর এর নির্দিষ্ট কাউন্টারে গেলেই বার-কোড স্ক্যান করে ওই টিকিটে স্ট্যাপ দিয়ে দেবেন কর্মীরা, সেটি নিয়ে সরাসরি ডাক্তার দেখানো যাবে ।